তারিখ . . 23 OCT 2015 . . .
পৃষ্ঠা ৭০ কলাম ৭

দৈনিক জনকণ্ঠ

# নাশকতার আসামিকে মাদ্রাসার প্রিন্সিপাল নিয়োগ

নিজস্ব সংবাদদাতা, গাইবান্ধা, ২২ অক্টোবর ॥ পলাশবাড়ি উপজেলার মাঠেরবাজার আবু বক্কর সিদ্দিক ফাজিল মাদ্রাসায় সম্প্রতি গোপনে নাশকতা মামলার পলাতক আসামি জামায়াত নেতা সাইদুর রহমানকে অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে প্রিন্সিপাল পদে নিয়োগ দেয়া হয়েছে। এ ব্যাপারে অবিলম্বে এই নিয়োগ বাতিল ও প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়ে প্রধানমন্ত্রী বরাবরে ১৪ দলের নেতৃবৃন্দ একটি লিখিত অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে স্বাক্ষর করেন পলাশবাড়ি উপজেলা আওয়ামী লীগ সভাপতি সাবেক এমপি তোফাজ্জল হোসেন সরকার, সাধারণ সম্পাদক আবু বক্কর প্রধান, সাংগঠনিক সম্পাদক আবদুল মতিন সরকার, সাবেক উপজেলা চেয়ারম্যান যুগ্ম সাধারণ সম্পাদক একেএম মোকছেদ চৌধুরী বিদ্যুত, উপজেলা জাসদ সভাপতি নুরুজ্জামান প্রধান, সাধারণ সম্পাদক আবদুল জলিল সরকার। অভিযোগে উল্লেখ করা হয়, পলাশবাড়ি-সাদুল্যাপুর এলাকার সংসদ সদস্য ডা. ইউনুস আলী সরকার সম্প্রতি তাঁর আপন ভাগ্নে শিমুলকে ডিও লেটারের মাধ্যমে পলাশবাড়ি উপজেলার মাঠেরবাজার আবু বকর সিদ্দিক ফাজিল মাদ্রাসার গবর্নিংবডির সভাপতি নিযুক্ত করেন। ওই মাদ্রাসার প্রিন্সিপাল পদে সাইদুর রহমানকে নিয়োগ করেন ওই গবর্নিংবডির সভাপতি শিমুল। উল্লেখ্য, সাইদুর রহমান পলাশবাড়ি উপজেলা জামায়াতের সাবেক আমীর, বর্তমান জামায়াতের রোকন এবং নাশকতা-সহিংসতাসহ বহু মামলার পলাতক আসামি এবং পুলিশ যাকে গ্রেফতারের জন্য হন্যে হয়ে খুঁজছে। এছাড়াও ওই মাদ্রাসায় ভাইস প্রিন্সিপাল পদে জামায়াত নেতা নাশকতা সহিংসতা মামলার আসামি রাশেদুল হক ও বাংলা প্রভাষক এবং কৃষি শিক্ষক পদেও দু'জনকে অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে নিয়োগ দেয়া হয়েছে।